তারিখ ..... 15. JUN. 2016 ..
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ......

সমকাল

# নটর ডেমসহ তিন কলেজে ভর্তি পরীক্ষার আদেশ বহাল

■ সমকাল প্রতিবেদক

মাধ্যমিকের ফলের ভিত্তিতে রাজধানীর স্বনামধন্য তিন শিক্ষা প্রতিষ্ঠান নটর ডেম, হলিক্রস ও সেন্ট যোসেফ কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির নিয়ম স্থগিত করে হাইকোর্টের দেওয়া আদেশের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের আবেদন খারিজ করে দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।

প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগের চার বিচারপতির বেঞ্চ গতকাল রোববার হাইকোর্টের আদেশের বিরুদ্ধে করা আবেদন খারিজ করেন। এর ফলে ওই তিন কলেজে পরীক্ষার মাধ্যমে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির প্রক্রিয়া বহাল থাকল বলে জানিয়েছেন সংশ্লিষ্ট আইনজীবীরা।

মাধ্যমিকের ফলের ভিত্তিতে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির নিয়ম রেখে গত ১২ মে নীতিমালা করে শিক্ষা মন্ত্রণালয়। পরে ১৭ মে বিজ্ঞপ্তিও প্রকাশ করে ঢাকা শিক্ষা বোর্ড। এর পর ১৯ মে নটর ডেম কলেজের অধ্যক্ষ ফাদার হেমন্ত পিয়াস রোজারিও, হলিক্রস স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ সিস্টার শিখা গোমেজ ও সেন্ট যোসেফ কলেজের অধ্যক্ষ ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৮

## নটর ডেমসহ

[তৃতীয় পৃষ্ঠার পর]

ব্রাদার রবি পিউরিফিকেশন শিক্ষা মন্ত্রণালয়ের ওই নীতিমালা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট করেন। রিটের শুনানি নিয়ে ২২ মে হাইকোর্টের একটি বেঞ্চ ওই তিন কলেজের ক্ষেত্রে নীতিমালা চার মাসের জন্য স্থগিতসহ রুল জারি করেন। এর পর হাইকোর্টের আদেশ স্থগিত চেয়ে রাষ্ট্রপক্ষে আবেদন করা হলে আপিল বিভাগের চেম্বার আদালত বিষয়টি নিষ্পত্তির জন্য প্রধান বিচারপতির বেঞ্চে পাঠিয়ে দেন। গতকাল প্রধান বিচারপতির বেঞ্চ শুনানি নিয়ে হাইকোর্টের আদেশ বহাল রাখেন।

আদালতে রিট আবেদনকারীদের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী ফিদা এম কামাল। তাকে সহায়তা করেন ব্যারিস্টার তানিম হোসেইন শাওন। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল গৌতম রায়। আদেশের পর তানিম হোসেইন সাংবাদিকদের বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের করা আবেদন আপিল বিভাগে খারিজ হওয়ায় হাইকোর্টের আদেশ বহাল রইল। আবেদন খারিজ হওয়ায় ওই ভর্তি পরীক্ষা নিতে আইনগত আর কোনো বাধা রইল না।